
## ফেনীর তুই উপজেলায় এইচএসসি পরীক্ষা স্থগিত



रहाउँल जरि

## ফেনী প্রতিনিধি

প্রকাশ: ০২ জুলাই ২০২৪ | ১১:০১ | আপডেট: ০২ জুলাই ২০২৪ | ১১:১২



ফেনীর ফুলগাজী ও পরশুরাম উপজেলায় আজ মঙ্গলবারের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিত করা হয়েছে। মুহুরী নদীর বন্যা নিয়ন্ত্রণ বাঁধ ভেঙে জেলার নিম্নাঞ্চল প্লাবিত হওয়ায় বাংলা দ্বিতীয়পত্র বিষয়ে পরীক্ষা স্থগিত করা হয়।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে জানান ফেনী জেলা প্রশাসক মুছামুৎ শাহীনা আক্তার এ তথ্য নিশ্চিত করেন।

UNIBOTS

জেলা প্রশাসক বলেন, মুহুরী নদীর বাঁধ ভেঙে ফুলগাজী ও পরশুরাম উপজেলার বেশ কয়েকটি এলাকা প্লাবিত হয়েছে। শিক্ষার্থীদের কথা বিবেচনা করে আজকের পরীক্ষা স্থগিতের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছিল। বিষয়টি তিনবোর্ডকে (সাধারণ শিক্ষাবোর্ড, মাদরাসা শিক্ষাবোর্ড ও ভোকেশনাল) চিঠির মাধ্যমে জানানো হয়। এর পরিপ্রেক্ষিতে ফুলগাজী ও পরশুরাম উপজেলার এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়েছে।